

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)  
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫  
www.niport.gov.bd



স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.৪৩.২৮৪.১৯-১১৬৭

তারিখ: ৫ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ  
৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ

**বিষয়: নিপোর্ট সদর দপ্তরে নির্মানাধীন নতুন ১০ (দশ) তলা ভবনের নকশা এবং একাডেমিক ভবনের সংস্কারসহ কাজের অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো. শাহজাহান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), নিপোর্ট  
সভার স্থান : নিপোর্ট সভাকক্ষ  
সভার তারিখ ও সময় : ১৫/০৩/২০২২ খ্রি. তারিখ সকাল ১১:৩০ ঘটিকা  
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক


সভাপতি উপস্থিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, নিপোর্ট ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) নিপোর্ট ভবনের প্ল্যান, একাডেমিক ভবনের সংস্কার এবং নিপোর্ট সদর দপ্তরের নির্মানাধীন নতুন ১০ (দশ) তলা ভবনের নকসাসহ কাজের অগ্রগতির বিষয়ক কার্যপত্র সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১	নতুন ১০ (দশ) তলা ভবনের পরিবর্তন/সংশোধন এবং অগ্রগতি সংক্রান্ত আলোচনা।	সভার শুরুতে মহাপরিচালক নিপোর্ট ভবনের কার্যাদেশ সম্পর্কে নির্বাহী প্রকৌশলী, ঢাকা সিটি বিভাগ, এইচইডির নিকট জানতে চাইলে ভবনের কাজ সম্পর্কে নির্বাহী প্রকৌশলী জানান যে, আগামী ০৪.০৮.২০২২ খ্রি. তারিখে মধ্যে ভবনের কাজ শেষ হওয়ার তারিখ নির্ধারিত আছে। কিন্তু তিনি জানান যে, পুরাতন ভবনের অপসারণের তদস্থলে নতুন ভবন নির্মাণ কাজ শুরু করতে প্রায় ৪ (চার) মাস সময় অতিবাহিত হয়েছে। একারণে নির্ধারিত সময়সীমার মধ্যে ভবনের কাজ সমাপ্ত করা সম্ভব হবে না। এ প্রসঙ্গে মহাপরিচালক জানান যে, বর্তমানে কাজের অগ্রগতির হার ৪৮% যা সন্তোষজনক নয়। কাজের অগ্রগতি খুবই ধীর। এ রূপ যদি অব্যাহত থাকে তাহলে আরো বেশি সময় লাগবে। এ কারণে কাজে গতি বৃদ্ধি করে আগামী ডিসেম্বর/২০২২ এর মধ্যে নিপোর্ট ভবনের কাজ সমাপ্ত করতে হবে। মহাপরিচালক মহোদয় দুঃখ প্রকাশ করে বলেন যে, নিপোর্টের বর্তমানে Accommodation না থাকার কারণে প্রশিক্ষণ কার্যক্রম চালানো সম্ভব হচ্ছে না। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের বসার জন্য জায়গা না থাকায় স্বাভাবিক কাজে ব্যাঘাত ঘটছে। ১০ (দশ) তলা এক সাথে হওয়ার কথা ছিল সেটা বাস্তবায়নের বিষয়ে নির্বাহী প্রকৌশলীর কাছে জানতে চাইলে জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন এটা মন্ত্রণালয়ের নির্মাণ শাখার এখতিয়ার। নির্বাহী প্রকৌশলীর ১০ম তলা	১. ১১.১০.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য সভার সিদ্ধান্তগুলো অনুসরণ করে কাজ করতে হবে। ২. নিপোর্ট ভবনের ৫ (পাঁচ) তলা পর্যন্ত কাজ আগামী ডিসেম্বর/২২ খ্রি: তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। ৩. নিপোর্ট ভবনের ৫ (পাঁচ) তলার কাজ সমাপ্ত হওয়ার সাথে সাথে ১০ (দশ) তলা পর্যন্ত নির্মাণ কাজ শুরুর উদ্যোগ গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

		‘মন্ত্রণালয়ের এখতিয়ার’ এই উক্তির প্রেক্ষিতে পরিচালক (প্রশিক্ষণ) মন্ত্রণালয় থেকে আগত উপসচিব জনাব নাদিরা হায়দারের কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনি নির্বাহী প্রকৌশলীকে উদ্দেশ্যে করে বলেন নিয়ম অনুযায়ী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চাহিদা অনুযায়ী মন্ত্রণালয়কে পত্র দিবে, মন্ত্রণালয় তখন পরবর্তীতে সে অনুযায়ী ব্যবস্থা নিবে। এ কথা প্রসঙ্গে পরিচালক (প্রশিক্ষণ), উপ-পরিচালক (প্রশাসন) কে কনস্ট্রাকশনের বিষয়ে মন্ত্রণালয়কে সরাসরি পত্র দেওয়ার প্রস্তাব রাখেন।		
২	নিপোর্টের প্রশাসনিক ভবনে লিফট স্থাপন	মহাপরিচালক নিপোর্টের বর্তমান প্রশাসনিক ভবনে লিফট স্থাপনের বিষয়ে বিগত সভার সিদ্ধান্তের পুনর্লিখ করলে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর ডিজাইন বিভাগকে দিয়ে পুনরায় লিফট স্থাপনের সম্ভাবনার মূল্যায়ন করা হবে মর্মে জানান।	পুরানো বিল্ডিংয়ে লিফটের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ডিজাইন বিভাগ পুনরায় মূল্যায়ন করবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩	পুরাতন প্রশাসনিক ভবনের কনফারেন্স রুম ও একটি ক্লাশরুম রিনোভেশন।	বর্তমান নিপোর্ট প্রশাসনিক ভবনের কনফারেন্স রুম ও একটি ক্লাশরুম রিনোভেশনের লক্ষ্যে প্রাক্কলন মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে মর্মে সভা অবহিত হয়।	নিপোর্টের একাডেমিক ভবনে কনফারেন্স রুম ও একটি ক্লাশরুম জরুরী ভিত্তিতে রিনোভেশনের লক্ষ্যে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৪	নতুন ভবনে ০২ (দুই)টি ক্লাশরুম প্রস্তুত করা সংক্রান্ত আলোচনা।	মহাপরিচালক জানান যে, নতুন ভবনে লেবেল-৩ অর্থাৎ ৪র্থ তলায় আগস্ট-২০২২ খ্রি. তারিখের মধ্যে ০২ (দুই) টি ক্লাশরুম প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নতুন নিপোর্ট ভবনে আগস্ট/২২ খ্রি. তারিখের মধ্যে ২ (দুই) টি ক্লাশরুম প্রস্তুত করতে হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৫	আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ভাঙ্গা এর রিমডেলিং কাজ সংক্রান্ত আলোচনা	গত ১৪.১২.২০২২ খ্রি. তারিখে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ভাঙ্গাতে রিমডেলিংয়ের কাজ শুরু হয়। কিন্তু ২৬ মাস অতিবাহিত হলেও কাজ শেষ হয়নি। কাজের পরিস্থিতি দেখার জন্য গত ১৯.০২.২০২২ খ্রি. তারিখ মহাপরিচালক মহোদয় নিপোর্ট সরেজমিনে রিমডেলিং কাজের স্থান পরিদর্শন করেন। পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে তারা মহাপরিচালক মহোদয়কে যথাসময়ে কাজ সমাপ্ত হবে বলে আশ্বস্ত করেন। কিন্তু অদ্যাবধি এখনো সম্পূর্ণ কাজ শেষ না হওয়ায় চলমান প্রশিক্ষণ কাজে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে বলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মকর্তা পত্রের মাধ্যমে বিষয়টি পরিচালক (প্রশাসন) কে অবহিত করেন।	আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ভাঙ্গা এর রিমডেলিং কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৬	মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ সংক্রান্ত	নিপোর্ট, আরপিটিআই এবং আরটিসি’র নির্মাণ মেরামত ও সংস্কার কাজের প্রস্তাব মন্ত্রণালয়ে নির্দেশনা মোতাবেক গঠিত কমিটির মাধ্যমে নির্দিষ্ট সময় সীমার মধ্যে প্রেরণ নিশ্চিত করার ওপর মহাপরিচালক মহোদয় গুরুত্বারোপ করেন।	নিপোর্ট, আরপিটিআই এবং আরটিসি’র নির্মাণ মেরামত ও সংস্কার কাজের প্রস্তাব মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কমিটির মাধ্যমে নির্দিষ্ট সময় সীমার মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। নিপোর্ট ২। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৭	নতুন ভবনের ডিজাইন সংশোধন	অধ্যকার সভা এবং ১১/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নতুন ভবনের ডিজাইন সংশোধন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	অধ্যকার সভা ও ১১/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নতুন ভবনের ডিজাইন পরিবর্তন করে নিপোর্টে প্রেরণ করতে হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মো: শাহজাহান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ২২২৩৩৬২৪৯৫

ই-মেইল: dg@niport.gov.bd




তারিখ: ১৪/৪/২২  
১৪/৪/২২

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.৪৩.২৮৪.১৯-১৭ ১৭/৪/২২

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/ গবেষণা-চলতি দায়িত্ব), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ ঢাকা।
- ৬। সহকারী প্রোগ্রামার, (কার্যবিবরণীটি নিপোর্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭। মহাপরিচালকের গোপনীয় সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।



(মো: মিজানুর রহমান)

উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব

ফোন: ৫৮৬১৭৩১৩

ই-মেইল: ddadmin@niport.gov.bd